# ২৯৬ সংরক্ষিত নারী আসনের ভোটার তালিকা কমিশনে জমা




সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে নির্বাচনের জন্য সংসদ সচিবালয় ২৯৬ জন সংসদ সদস্যের ভোটার তালিকা নির্বাচন কমিশনে (ইসি) জমা দিয়েছে। সোমবার (২৩ ফেব্রুয়ারি) ইসির নির্বাচন ব্যবস্থাপনা শাখা এই তথ্য নিশ্চিত করেছে।

ইসি কর্মকর্তারা জানান, আইন অনুযায়ী নির্বাচনের ফলের গেজেট প্রকাশের তিন কার্যদিবসের মধ্যে সংসদ সচিবালয়কে সংরক্ষিত নারী আসনের ভোটার তালিকা কমিশনে পাঠানো বাধ্যতামূলক। সেই নিয়মে আজ ২৯৬ জনের তালিকা কমিশনে পৌঁছেছে, যা আগামী নির্বাচনী প্রক্রিয়ার ভিত্তি হিসেবে ব্যবহৃত হবে।

নির্বাচন কমিশনার আবদুর রহমান মাছউদ জানিয়েছেন, কমিশন দ্রুত এই নির্বাচন সম্পন্ন করতে চায়। প্রাথমিক পরিকল্পনা অনুযায়ী পবিত্র রমজান মাসের মধ্যেই ভোটগ্রহণ সম্পন্ন করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

LENS ASIA

ইসি সচিবালয় সূত্রে বলা হয়েছে, কমিশন এখন তালিকাটি যাচাই-বাছাই করবে এবং তারপর সভা করে নির্বাচনের বিস্তারিত তফসিল ঘোষণা করবে।

গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে ২৯৯টি আসনের মধ্যে ২৯৬টির ফল গেজেট আকারে প্রকাশিত হয়েছে। বাকি কয়েকটি আসন আইনি বা প্রযুক্তিগত প্রক্রিয়ার পর ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে। সংরক্ষিত ৫০টি নারী আসন রাজনৈতিক দলগুলোর প্রাপ্ত আসনের অনুপাতে বণ্টন করা হবে।